# সিলেটে তারেক রহমানের প্রথম নির্বাচনী জনসভা লাখো জনসমাগম



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের আনুষ্ঠানিক প্রচারণা শুরু করেছে বিএনপি। সিলেটের ঐতিহ্যবাহী আলিয়া মাদরাসা মাঠ বৃহস্পতিবার (২২ জানুয়ারি) সকাল থেকেই নেতাকর্মী ও সমর্থকদের উপস্থিতিতে কানায় কানায় ভরে যায়।

দুপুর ১২টায় জনসভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেবেন দলের চেয়ারম্যান তারেক রহমান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখবেন মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সকালে দেশের বিভিন্ন জেলা থেকে আগত নেতাকর্মীরা বাস, লেগুনা ও পিকআপে মিছিল করে মাঠে প্রবেশ করেন। তাদের হাতে ধানের শীষের প্ল্যাকার্ড এবং দলীয় প্রতীকযুক্ত টি-শার্ট লক্ষ্য করা গেছে।

নগরের জিন্দাবাজার, চৌহাট্টা ও অন্যান্য এলাকা থেকে মিছিলগুলো সড়ক প্রদক্ষিণ করে আলিয়া মাদরাসা মাঠে পৌঁছেছে। বিএনপি আশা করছে সমাবেশে তিন লাখের বেশি মানুষ অংশ নেবে। প্রায় দুই দশক পর তারেক রহমানের সিলেট আগমনকে কেন্দ্র করে দলের নেতাকর্মীদের মধ্যে ব্যাপক উৎসাহ বিরাজ করছে।

LENS ASIA